



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার ৪র্থ বর্ষ ৩য় সংখ্যা সেপ্টেম্বর ২০১৪ খ্রিঃ ওয়েব : www.wpsa-bb.com

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয়: পৃষ্ঠা ২
- ২। প্রবন্ধ/নিবন্ধ: পৃষ্ঠা ২-৪
- ৩। WPSA-BB বার্তা: পৃষ্ঠা ৪-৬
- ৪। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা: পৃষ্ঠা ৭-৮

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইলঃ drsdchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206
Tel : + 88 02 8750747, Fax : + 88 02 8818532
Mob : + 88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

সভাপতির বাণী



এদেশের সাধারণ মানুষের খাদ্য নিরাপত্তা, পুষ্টি ও স্বাস্থ্যের প্রতি লক্ষ্য রেখে বাংলাদেশের পোল্ট্রি শিল্প সবচেয়ে সস্তায় অথচ উন্নতমানের প্রাণিজ প্রোটিন সরবরাহ করে চলেছে। বর্তমানে পোল্ট্রিজাত প্রোটিনই অপেক্ষাকৃত সস্তা, সহজলভ্য ও নিরাপদ প্রোটিন।

সুধী, পোল্ট্রি শিল্পটি এতটাই স্পর্শকাতর যে প্রতিনিয়তই নানাবিধ প্রতিবন্ধকতা আর চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। সাম্প্রতিক সময়ে এতে আরো একটি নতুন উপসর্গ যোগ হয়েছে আর তা হলো ভেজাল ফিড। দেশে পোল্ট্রি ও মৎস্য খাদ্য উৎপাদনকারীদের একমাত্র সংগঠন “ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন বাংলাদেশ (ফিআব)।” ফিআব বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদিত সংগঠনও বটে। ফিআব এর সদস্যগণ তাদের উৎপাদিত খাদ্য নিজস্ব ল্যাবে পরীক্ষার পর বাজারজাত করে থাকে। অথচ বর্তমানে রাজধানীর ট্যানারী পল্লীখ্যাত হাজারিবাগ থেকে গাবতলী বেড়িবাঁধ সংলগ্ন এলাকায় গড়ে ওঠা কিছু সংখ্যক অনিবেদিত এবং অবৈধ তথাকথিত ফিড মিল ট্যানারীর বিষাক্ত বর্জ্য মিশিয়ে পোল্ট্রি ফিড তৈরি করছে। এ সব ফিডে মাত্রাতিরিক্ত ক্রেমিয়াম পাওয়া গেছে যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক বলে বিশেষজ্ঞরা অভিমত দিয়েছেন। এ ধরনের ভেজাল ফিডের পরিমাণ বাংলাদেশে উৎপাদিত মোট পোল্ট্রি ফিডের খুব সামান্য হলেও স্বাস্থ্য ঝুঁকি এবং সাধারণ মানুষের মনে পোল্ট্রি শিল্প সম্পর্কে যে নেতিবাচক ধারণার জন্ম দিচ্ছে তা নিয়ে আমরা গভীরভাবে উদ্বেগ। মানবদেহের জন্য ক্ষতিকারক উচ্চ মাত্রার ক্রেমিয়াম সমৃদ্ধ এই সব ট্যানারী বর্জ্য ট্যানারীতেই বিনষ্ট করাসহ সকল ফিডমিলকে ফিআব-এর সদস্য হওয়া বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমরা ইতোমধ্যে সদাশয় সরকারের প্রতি আবেদন জানিয়েছি।

প্রিয় পাঠক, আপনারা নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব দেখা দেওয়ার পর থেকে প্রতি বছরই শীত মৌসুমে এর প্রাদুর্ভাবের মাত্রা বেড়ে যায়। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, তাপমাত্রা কমার পূর্বে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য সময়েচিত পদক্ষেপ গ্রহণ করা হয় না বিধায় এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব প্রকট আকার ধারণ করে। তাই রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য এ সময়ে ফ্লুকে মানসম্পন্ন খাবার সরবরাহ নিশ্চিত করাসহ সঠিকভাবে বায়োসিকিউরিটি বা জীব নিরাপত্তা ব্যবস্থাপনায় মনোযোগী হওয়া খুবই জরুরী। শীত মৌসুম শুরু হওয়ার পূর্বেই অবশ্যই ফার্মের বায়োসিকিউরিটি উন্নতকরণে নজরদারী রাখা অতীব প্রয়োজন বলে আমি মনে করি।

ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখার ত্রৈমাসিক ‘WPSA-BB নিউজলেটার’ এর ৪র্থ বর্ষের ৩য় সংখ্যা যথাসময়ে প্রকাশিত হচ্ছে বিধায় আমি প্রকাশনায় সম্পৃক্ত সকলকে জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ। পরিশেষে সম্মানিত পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা এবং শুভানুধ্যায়ী সবাইকে শুভেচ্ছা জানাচ্ছি।

মসিউর রহমান
সভাপতি, WPSA-BB

